গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম
ফোন নং : 02333366051, মোবাইল : +8801774837423
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, govtcitycollegectg1954@gmail.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

তারিখ : ২৪-১২-২০২৫ খ্রি.

## ২০২৪ সালের ২য় বর্ষ ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের (শিক্ষাবর্ষ : ২০২২-২৩)
## ফরম পূরণ বিজ্ঞপ্তি

২০২৪ সালের ২য় বর্ষ ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ ফি কলেজ ওয়েব সাইটের মাধ্যমে আগামী ২৯-১২-২০২৫ খ্রি. তারিখ থেকে ০৩-০১-২০২৬ খ্রি. তারিখের মধ্যে পরিশোধ করে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করার নির্দেশ দেওয়া যাচ্ছে। **পরীক্ষার্থীদের অবশ্যই ০৩-০১-২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম ডাউনলোড করতে হবে।**

➤ **শিক্ষার্থী কর্তৃক ফরম পূরণের নিয়মাবলী ও করণীয় :**

১. শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) প্রবেশ করে Student login-এ ক্লিক করে নিজ নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ডাটা এন্ট্রি করতে হবে।
২. ডাটা এন্ট্রি শেষে অন-লাইন থেকে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে। ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও ফি উল্লেখ থাকবে।
৩. ডাউনলোডকৃত ফরমে উল্লিখিত ফি এর সাথে নিম্নবর্ণিত ফি'সহ যোগ করে সর্বমোট ফি কলেজ ওয়েব সাইটের মাধ্যমে পরিশোধ করতে হবে।
৪. সম্প্রতি তোলা ২কপি পাসপোর্ট সাইজের ছবি প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দিয়ে লাগাতে হবে এবং ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৫. পূরণকৃত ফরমের নির্ধারিত স্থানে পরীক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নিম্নবর্ণিত নির্ধারিত সময় ও স্থানে কলেজে জমা দিবে এবং অধ্যক্ষের স্বাক্ষরের পর ফরমটির একটি অংশ পরীক্ষার্থী গ্রহণ করবে। অন্যটি কলেজে জমা থাকবে।

| গ্রুপ | ফি'র পরিমান | | ফরম জমাদানের স্থান ও সময় | | | |
|---|---|---|---|---|---|---|
| | নিয়মিত ও প্রাইভেট | সা: কোর্স | দিবা শাখা | | বৈকালিক শাখা | |
| | | | তারিখ | স্থান | তারিখ | স্থান |
| বিএ/বিএসএস | ২১০০/- | ১৩৫০/- | ০৪/০১/২০২৬ | একাডেমিক ভবন-১ (৫ম তলা) কক্ষ নং : ১৫০১ সময় : সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:৩০ টা পর্যন্ত | ০৪/০১/২০২৬ | একাডেমিক ভবন-৪ (৫ম তলা ) সময় : দুপুর ১:৩০টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত |
| বিবিএস/বিএসসি | ২১০০/- | ১৩৫০/- | ০৫/০১/২০২৬ | – ঐ – | ০৫/০১/২০২৬ | – ঐ – |

➤ যে সকল শিক্ষার্থীর সেশন ফি বকেয়া আছে তারা ফরম পূরণ ফি'র সাথে সেশন ফিসহ পরিশোধ করবে। **সেশন ফি'র হার** : বিএ/বিএসএস/বিবিএস : ২,২৮২/- বিএ/বিএসএস (মনো:)/বিএসসি : ২,৪০৭/-

- অনিয়মিত পরীক্ষার্থীরা যারা গত বছর ফরম পূরণ করেছিলো তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমে উল্লেখিত টাকার সাথে ৬০০/- (ছয় শত) টাকা যোগ করে সর্বমোট ফি পরিশোধ করবে।
- অনিয়মিত পরীক্ষার্থী যাদের ইনকোর্স পরীক্ষা আছে তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমে উল্লেখিত টাকার সাথে ৯০০/- (নয় শত) টাকা যোগ করে সর্বমোট ফি পরিশোধ করবে।
- অনিয়মিত/গ্রেড উন্নয়ন/সি প্রমোটেড/ এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ এবং ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) পরীক্ষার্থীদের ফি ৬০০/- টাকা (ফরমে উল্লেখিত ফি ব্যতীত)।

➤ **কলেজের ওয়েব সাইট (www.gccc.edu.bd) হতে ফরম পূরণের নিয়মাবলি :**

১. ems.gccc.edu.bd এ প্রবেশ করতে হবে।
২. একটু নিচে স্ক্রল করে নেমে Payment Collection-এ প্রবেশ করতে হবে।
৩. এরপর স্ক্রীনে প্রদর্শিত ট্যাব হতে Degree Pass ট্যাবে প্রবেশ করতে হবে।
৪. এরপর স্ক্রীনে প্রদর্শিত Active Events হতে Degree 2nd Year Form Fill Up 2022-23 Event এ Apply Now বাটনে ক্লিক করে পরবর্তী ধাপে যেতে হবে।
৫. এরপর ভর্তিকৃত Department, Registration No. Payment Method ও Captcha Code দিয়ে Verify এ Click করে Next ক্লিক করতে হবে।
৬. এরপর চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধ করে Save বাটনে ক্লিক করলে Payment অপশন দেখাবে। এখান থেকে বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেক্সাস পে)/অন্যান্য অপশন সিলেক্ট করে Payment কার্যক্রম সম্পন্ন করতে হবে।
৭. Payment কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার পর Submit করে তথ্য সংরক্ষণ করবে ও দুই কপি প্রিন্ট নিতে হবে। এক কপি কলেজে জমা দিতে হবে।

➤ **অনিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ফরম পূরণ ফি জমাদানের জন্য কলেজ ওয়েবসাইটের নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :**

১. https://gccc.edu.bd-এ প্রবেশ করতে হবে।
২. এরপর স্ক্রীনে প্রদর্শিত Payment – ট্যাব এ ক্লিক করলে দুইটি Sub Menu দেখা যাবে। Regular Events এবং Irregular Payment। নিয়মিত শিক্ষার্থীরা Regular Events এ ক্লিক করে তাদের পেমেন্ট সম্পন্ন করবে। অনিয়মিত শিক্ষার্থীরা Open Payment এ ক্লিক করে পরবর্তী ধাপে যেতে হবে। অনিয়মিত শিক্ষার্থীরা সরাসরি এই লিঙ্কে ক্লিক করে পরবর্তী ধাপে যেতে পারবে। https://ems.gccc.edu.bd/open-payment-collection
৩. তারপর স্ক্রিনে প্রদর্শিত Degree 2ndYear Form Fill Up 2022-23 Irregular Event এ Apply এ ক্লিক করে চাহিত তথ্যাদি পূরণপূর্বক পরবর্তী ধাপে যেতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই তার সঠিক ফি'র পরিমাণ লিখে পরবর্তী ধাপে যেতে হবে।
৪. প্রয়োজনীয় তথ্য পূরণের পর ছবিতে প্রদর্শিত একটি Pop-Up Menu আসবে। এখানে Download Unique Code এটি অবশ্যই ডাউনলোড করতে হবে। অন্যথায় পেমেন্ট করা যাবে না। ডাউনলোডকৃত কপিতে একটি Unique Code থাকবে। সেটি পরবর্তীতে প্রয়োজন হবে।
৫. ডাউনলোড করার পর Continue and Process Payment এ অপশনটিতে ক্লিক করে মোবাইল নম্বর দিয়ে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

**অনিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ফরম পূরণ উপরোক্ত সময়সূচি ও স্থান অনুযায়ী অনুষ্ঠিত হবে। ফি'র পরিমান কম/বেশি পরিলক্ষিত হলে তাৎক্ষনিক কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। অন্যথায় ফরম পূরণে কোনো ধরণের জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

বি.দ্র. : শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমে উল্লিখিত টাকার পরিমাণ জমাদান করলে ফরম পূরণ হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমে উল্লিখিত ফি এর সাথে অবশ্যই কলেজ ফি ৬০০/- (ছয়শত) টাকা অথবা ৯০০/- (নয়শত) টাকা যোগ করে সর্বমোট ফি পরিশোধ করতে হবে।

24.12.2025
(প্রফেসর আবু ছালেহ মোহাম্মদ নঈম উদ্দীন)
আইডি নং-০০০০৩০৫৭
অধ্যক্ষ
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

24/12/25
আহবায়ক
২য় বর্ষ ডিগ্রি (পাস) ফরম পূরণ কমিটি (দিবা)
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

24/12/2025
আহবায়ক
২য় বর্ষ ডিগ্রি (পাস) ফরম পূরণ কমিটি (বৈকালিক)
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

https://d.docs.live.net/a9f681d657ce14a6/Cash (2025-26)/Collection Notice 2025-26/Degree_Pass_2nd_year_F.F-2024_(2024-25)_SHAJAN SIR.doc